



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা,
ঢাকা-১০০০।

ফোন : ৯৫৫৬৯১১, ৯৫১৪৬৯২
পিএবিএক্স : ৯৫৬০০২১-২৫/২৩৩
৯৫৬০০৩১-৩৫/২৭৪
ই-মেইল : dgmpd2@krishibank.org.bd
www.krishibank.org.bd

D:UAHANGIR/POLICYU-NOTE.DOC

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট- ২

নং-প্রকা/এইচআরএমডি-২/১৫(১)(৬)/২০১৮-২০১৯/২৭৬

তারিখ : ১৯-০৭-২০১৮ খ্রিঃ

সকল মহাব্যবস্থাপক
প্রধান কার্যালয়/স্টাফ কলেজ/বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়
সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : কর্মকর্তা ও কর্মচারীদের বদলীর আদেশ বাস্তবায়ন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,


গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, ব্যাংকের কাজের স্বার্থে কর্মকর্তা/কর্মচারীদের বদলীর আদেশ জারী করার পর কেহ কেহ উক্ত আদেশ যথাযথভাবে পরিপালন না করে বরং বদলীকৃত কর্মকর্তা/কর্মচারীগণ বদলীর আদেশ স্বগিত/রহিতকরণের জন্য প্রভাবশালী মহলের মাধ্যমে অবৈধ প্রভাব বিস্তারের চেষ্টা করেন, যা চাকুরি প্রবিধানমালার সুস্পষ্ট লংঘন। যথাসময়ে বদলীর আদেশ কার্যকর না হওয়ার কারণে ব্যাংকের লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে বিঘ্ন সৃষ্টি সহ সংশ্লিষ্ট শাখা/কার্যালয়ের কার্যাবলি সঠিক ও যথাযথভাবে পরিপালনে ব্যাঘাত ঘটে। এছাড়া লক্ষ্য করা যায় কোন কোন ক্ষেত্রে শাখা ব্যবস্থাপক/নিয়ন্ত্রণকারীগণ জনবলের স্বল্পতাসহ অন্যান্য অজুহাত দেখিয়ে বদলীর আদেশ প্রাপ্তদের ছাড়পত্র প্রদান করেন না। কর্মকর্তা/কর্মচারীদের বদলী সংক্রান্ত নীতিমালা ০৯/২০১৮ এর অনুচ্ছেদ নং ০৯ ও ১১ এ নিম্নরূপ উল্লেখ আছে :

“০৯। বদলীর আদেশে নির্ধারিত সময়ের মধ্যে ছাড়পত্র প্রদান না করা হলে, সংশ্লিষ্ট শাখা/নিয়ন্ত্রণকারী অফিস প্রধান উভয়েই দায়ী হবেন এবং উভয়ের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। জারীকৃত বদলী আদেশে উল্লেখিত সময়ের মধ্যে ছাড়পত্র প্রদান করা না হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী উক্ত নির্ধারিত তারিখে স্বয়ংক্রিয়ভাবে ছাড়পত্রপ্রাপ্ত হয়েছেন বলে গণ্য হবেন এবং ঐ শাখা/কার্যালয় হতে তিনি কোন বেতনভাতা প্রাপ্য হবেন না।”

০২। এমতাবস্থায়, ইতিপূর্বে জারিকৃত যে সকল বদলীর আদেশ এখনও কার্যকর করা হয়নি সে সকল বদলীর আদেশ আগামী ২৪-০৭-২০১৮ ইং তারিখের মধ্যে কার্যকর করার জন্য নির্দেশ দেয়া হলো। উক্ত তারিখের পর সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারী স্বয়ংক্রিয়ভাবে ছাড়পত্রপ্রাপ্ত হয়েছেন বলে গণ্য হবেন। ব্যর্থতায় বদলীর আদেশপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী ও প্রয়োজনবোধে সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্মকর্তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

অনুমোদনক্রমে-


(মোঃ জাহির ইকবাল)


উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/এইচআরএমডি-২/১৫(১)(৬)/২০১৮-২০১৯/২৭৬

তারিখ : ১৯-০৭-২০১৮ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। (কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো)।
- ০৪। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৫। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
- ০৬। নথি/মহানথি।


(রাসিম প্রসাদ ঘোষ)
সহকারী মহাব্যবস্থাপক